

তারিখ ... ..  
 পৃষ্ঠা ... কলাম ...

**শিক্ষামন্ত্রীসহ বিভিন্ন দপ্তরে বার বার ধরনা দিয়েও কোনো ফল হয়নি  
 কিশোরগঞ্জ সরকারি মহিলা কলেজে তীব্র  
 শিক্ষক সংকট, ছাত্রীদের স্মারকলিপি পেশ**

সাইফ উদ্দীন আহমেদ শেনিন, কিশোরগঞ্জ থেকে : কিশোরগঞ্জ সরকারি মহিলা কলেজে তীব্র শিক্ষক সংকট বিরাজ করছে। ফলে অনেকগুলো বিষয়ের ক্লাস দীর্ঘ ৬ মাস ধরে বন্ধ রয়েছে। ছাত্রীরা অবিলম্বে শিক্ষক নিয়োগের দাবিতে বিক্ষোভ প্রদর্শন ও জেলা প্রশাসকের মাধ্যমে শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক বরাবরে গত ১৪ জানুয়ারি স্মারকলিপি প্রদান করেছে।

কিশোরগঞ্জ সরকারি মহিলা কলেজে অধ্যক্ষ ও উপাধ্যক্ষ ছাড়া শিক্ষকের পদ রয়েছে মাত্র ২০টি। এরমধ্যে গত বছর জুলাই মাসে বিজ্ঞান শাখার বিভিন্ন বিষয়ের ৪ জন ও কলা শাখার বিভিন্ন বিষয়ের ৩ জন, মোট ৭ জন শিক্ষক পদোন্নতি পেয়ে অন্যত্র চলে যাওয়ায় এখন শিক্ষক রয়েছেন মাত্র ১৩ জন। বাণিজ্য বিভাগে শিক্ষক রয়েছেন মাত্র ১ জন। ঐ একজন শিক্ষকই কোনোমতে বাণিজ্য বিভাগের সকল বিষয়ে পাঠদানের নিষ্পত্তি চালায়ে যাচ্ছেন। কলেজের অধ্যক্ষ অজিত চন্দ্র সরকার এ ব্যাপারে ভোনের কাগজকে জানান, এই কলেজে প্রভাষকের ওপরে কোনো পদ না থাকায় অন্য কোনো কলেজ থেকে যে পদোন্নতি পেয়ে এখানে কেউ আসবেন, তা সম্ভব হচ্ছে না। উপরন্তু কলেজের প্রভাষক পদের শিক্ষকরা পদোন্নতি পেয়ে অন্যত্র চলে যাওয়ায় শূন্যতা সৃষ্টি হচ্ছে। তিনি আরো জানান, বিসিএস পরীক্ষার ফলাফল প্রকাশিত না হওয়ায় নতুন শিক্ষকও নিয়োগ হচ্ছে না। অধ্যক্ষ এ ব্যাপারে শিক্ষামন্ত্রীসহ সর্বশ্রেষ্ঠ বিভাগের বিভিন্ন দপ্তরে বার বার ধরনা দিয়েও কোনো ফল হয়নি বলে জানান। শিক্ষামন্ত্রী খুব শিগগিরই এ ব্যাপারে কিছু করা সম্ভব নয় বলে অধ্যক্ষকে জানিয়েছেন। কলেজের ছাত্রীরা অভিযোগ করেছে, শিক্ষামন্ত্রীর নিজ জেলায় একটি সরকারি কলেজের এ দৈন্য দশা, অথচ তিনি একবারো তা খোঁজ নেননি বা সমাধানের উদ্যোগ নেননি।

জেলা শহরের একটি গুরুত্বপূর্ণ সরকারি মহিলা কলেজে এ ধরনের শিক্ষক সংকটে ছাত্রী-শিক্ষক ও অভিভাবক মহল দারুণভাবে উদ্ভিগ্ন। জরুরিস্থিতিতে এ সমস্যার সমাধান না হলে কলেজের অধ্যয়নরত শিক্ষার্থীরা চরম বিপাকে পড়বে।